



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রশিক্ষণ পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৯.২৯.৩১৫.২২.৭৯

তারিখ: ৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর ৬১তম কনভেনশন আগামী ০৯/০৫/২৪ হতে ১৪/০৫/২৪ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর সদর দপ্তর, রমনা, ঢাকায় অনুষ্ঠিত হবে। উক্ত কনভেনশনে যোগদানের জন্য আইইবি'র সদস্যভুক্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তদুর্ধ্ব কর্মকর্তাগণকে অনুমতি প্রদান করা হলো।

২। বোর্ডের মাঠ পর্যায়ের অতিঃ প্রধান প্রকৌশলীগণকে তাঁদের অধিনস্থ প্রতিটি দপ্তর হতে আইইবি'র সদস্যভুক্ত সর্বোচ্চ ৩ (তিন) জন প্রকৌশলীকে উক্ত কনভেনশনে যোগদানের জন্য মনোনয়ন প্রদানের ক্ষমতা প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশল সমিতি অথবা আইইবি'র কেন্দ্রীয় কাউন্সিল ও কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দকে অগ্রাধিকার ভিত্তিতে মনোনয়ন প্রদান করতে হবে তবে মনোনয়ন প্রদানের ক্ষেত্রে দাপ্তরিক কাজে যাতে বিঘ্ন না ঘটে সে বিষয়টি সর্বোচ্চ বিবেচনা করতে হবে।

৩। এছাড়াও বাপাউবো ঢাকাস্থ বিভিন্ন দপ্তরে কর্মরত আইইবি এর সদস্যভুক্ত প্রকৌশলীগণকে দাপ্তরিক কাজের কোনরূপ বিঘ্ন না ঘটিয়ে দাপ্তরিক অনুমোদন সাপেক্ষে উক্ত সম্মেলনে যোগদানের জন্য অনুমতি প্রদান করা হলো।

৪। সম্মেলনে যোগদানকারী মনোনীত সদস্যগণকে নিজ নিজ দপ্তর থেকে সম্মেলনে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন ফি প্রাপ্য হবেন।

৫। মনোনীত প্রকৌশলীগণের নামের তালিকা প্রশিক্ষণ পরিদপ্তরকে অবহিত করত: সরাসরি সম্মানী সম্পাদক, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্র, আইইবি ভবন (২য় তলা) রমনা ঢাকা-১০০০ ঠিকানায় প্রেরণ করতে হবে। কনভেনশনে যোগদানকারী প্রকৌশলীগণের তালিকা অবশ্যই অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

৬। মনোনীত প্রকৌশলীগণ উক্ত সম্মেলনে পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি হিসেবে বিবেচিত হবেন। কনভেনশনে যোগদানকালীন সময় দাপ্তরিক কাজে নিয়োজিত হিসেবে গণ্য হবেন।

৭। এই আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

স্বাক্ষর

২২-০৪-২০২৪

মোঃ আব্দুর রশীদ
পরিচালক


নম্বর:

তারিখ: ৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল)....., বাপাউবো.....;
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
- ৩। প্রকল্প পরিচালক (সকল).....;

- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল);
- ৫। সিএস ও টু মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাপাউবো, ঢাকা;
- ৬। পরিচালক, (অর্থ/হিসাব).....;
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বোর্ডর ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্ট মতে অনুরো করা হলো।);
- ৮। সম্মানী সাধারণ সম্পাদক, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি);
- ৯। সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র।;
- ১০। উপ-পরিচালক,....., আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো.....। এবং
- ১১। জনাব, বাপাউবো,.....।।



২২-০৪-২০২৪

মোঃ মূর্শেদ সারোয়ার
সহকারী পরিচালক